

আইআইইউসি'র বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠানে ড. মোঃ দেলাওয়ার হোসেন

## জীবন ও জগৎ বুঝতে হলে বিজ্ঞান জানতে হবে বেশি

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)'র প্রো ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন বলেছেন, ভবিষ্যত প্রজন্মকে আরো বিজ্ঞানমনস্ক করার জন্যেই বিজ্ঞান অলিম্পিয়াড। বিজ্ঞান ছাড়া কিছু ভাবা যায়না। জীবন ও জগৎ বুঝতে হলে বিজ্ঞান জানতে হবে বেশি। তিনি বলেন বিজ্ঞান অলিম্পিয়াড হচ্ছে বুদ্ধির প্রতিযোগিতা যা বিশাল পরিসরে বড় অর্জনের সুযোগ করে দেয়।

আজ শুক্রবার কুমিরাস্থ স্থায়ী ক্যাম্পাস মিলনায়তনে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর তত্ত্বাবধানে বাংলাদেশ একাডেমী অব সায়েন্স-এর আয়োজনে জাতীয় পর্যায়ের বিভাগীয় সায়েন্স অলিম্পিয়াড-২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন এ অভিমত ব্যক্ত করেন। আইআইইউসি'র বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. মনিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে অতিথি হিসাবে বক্তব্য রাখেন ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, কুমিরা শাখার ব্যবস্থাপক মোহাম্মদ সাইফুদ্দিন। স্বাগতঃ বক্তব্য রাখেন বিজ্ঞান অলিম্পিয়াড কমিটির সদস্য সচিব এবং আইআইইউসি'র সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক সামসুল আলম। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আইআইইউসি'র সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক শাহনাজ পারভিন। মঞ্চে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ব্যবসায় শিক্ষা অনুষদের ডীন প্রফেসর ড. আবদুল হামিদ চৌধুরী, শরীয়াহ অনুষদের ডীন প্রফেসর ড. নাজমুল হক নাদভী, ইবি বিভাগের কো-অর্ডিনেটর প্রফেসর ড. সাইফুল ইসলাম ও ইটিই বিভাগের প্রধান ইঞ্জিনিয়ার আবদুল গফুর। জাতীয় পতাকা, বাংলাদেশ একাডেমী অব সায়েন্স ও আইআইইউসি'র পতাকা উত্তোলনের মাধ্যমে সকাল ৯টায় দিনব্যাপী এই বর্ণাঢ্য আয়োজনের সূচনা হয়। এর পর ছিল বিজ্ঞান অলিম্পিয়াডের সারা দেশের সময়সূচী অনুসারে সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত লিখিত পরীক্ষা এবং সমাপনী পর্ব ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান। উল্লেখ্য ৬৯টি স্কুল ও কলেজের ৪০২ জন ছাত্র-ছাত্রী এই বিজ্ঞান অলিম্পিয়াড-এ অংশগ্রহণ করে।



ছবিঃ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন সম্মানিত প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন

প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন বলেন, বিজ্ঞান অলিম্পিয়াড থেকেই বাংলাদেশের ভবিষ্যৎ বিজ্ঞানী গড়ে উঠবে। এ আয়োজনে অংশগ্রহণকারী ৪০২ জন ছাত্র-ছাত্রীকে সৌভাগ্যবান উল্লেখ করে তিনি বলেন বাংলাদেশের বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সুন্দর ও বৃহত্তম ক্যাম্পাসে তাদের একটি স্মরণীয় দিন অতিবাহিত হলো।

অতিথির বক্তব্যে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, কুমিরা শাখার ব্যবস্থাপক মোহাম্মদ সাইফুদ্দিন বলেন, সবার বিজ্ঞানমনস্ক হওয়া উচিত। বিজ্ঞান ছাড়া এ জীবন কল্পনা করা যায়না।

সমাপনী পর্বে বিজ্ঞান অলিম্পিয়াডের বিজয়ীদের মাঝে পুরস্কার হিসেবে পদক ও সনদপত্র তুলে দেন প্রধান অতিথি আইআইইউসি'র প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেন এবং অন্যান্য অতিথি। ---প্রেস বিজ্ঞপ্তি